

Ex/BNG/UG/SEC/3.1/2025

কলা স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ.জি. SEC ৩.১

বিষয় : কবিতার কৌশল

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

১. ছন্দ নির্ণয় করো (যে কোনো দুটি) : ৫×২=১০

ক. যা কিছু মহান আর বিদগ্ধ উর্বর অভিজাত
উজ্জ্বল যা কিছু, আলো ছুটে যায় যার অভিমুখে
তাদের বিনাশ চাই যে বিনাশ অসূয়াসঞ্জাত

খ. হাথক দরপন মাথক ফুল
নয়নক অঞ্জন মুখক তাম্বুল
হৃদয়ক মৃগমদ গীমক হার

গ. আকাশে বিকশিত তোরি মতো স্নেহমুখ
দেখিলে আঁখি-রাঙা পাখা-ভাঙা পাখিটি
আহাহা ধ্বনি তোর প্রাণে মোর দিত দুখ

(২)

২. উদাহরণ বিশ্লেষণ করে সংক্ষেপে লেখো (যে কোনো দুটি) :

৫×২=১০

ক. উপযতি ও পদযতি

খ. সংশ্লেষ ও বিশ্লেষ

গ. যতিলোপের কারণ ও নিয়ম

৩ক. উদাহরণ দিয়ে টীকা লেখো (যে কোনো দুটি) : ২.৫×২=৫

সমাসোক্তি, ব্যাজস্ততি, বক্রোক্তি, যমক

৩খ. অলংকার নির্ণয় করো (যে কোনো একটি) : ৫×১=৫

অ. ঘুম যায় ওই চাঁদ মেঘপরিদের সাথে

আ. লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে

ই. গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে, গরজে গগনে

★ ★ ★